দামুড়হুদায় নবাগত জেলা প্রশাসকের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলায় নবযোগদানকৃত জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. কিসিঞ্জার চাকমার সাথে দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধা, সরকারি কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তি, সুশীল সমাজের প্রতিনিধি ও সাংবাদিকগণের সাথে পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে আজ বৃহস্পতিবার দুপুর সাড়ে ৩ টার সময় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ রেজাউল করিম, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা শিক্ষা অফিসার আবু হাসান, উপজেলা নির্বাচন অফিসার নূর-উল্ল্যাহ, বীর মুক্তিযোদ্ধা নাসির উদ্দীন, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, দর্শনা থানার ওসি অপারেশন নিরব, ব্রাকের জেলা স্বমন্বয়কারী (বিডিসি) মানিক ম্যাক্সিমিলিয়ান রুগা, পার-কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি

চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, নাটুদাহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ সহ উপজেলার বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বৃন্দ, সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, সীমান্তবর্তী এই উপজেলায় প্রচুর সম্ভাবনা রয়েছে, এর মধ্যে কৃষি অন্যতম। সীমান্তবর্তী উপজেলা হওয়ায় খুব সহজেই এখানে মাদক প্রবেশ করে, ক্রীড়া সাংস্কৃতিক খেলাধুলা এগুলো উঠে গেলে আমাদের যুব সমাজ মাদকের ভয়াল থাবায় ধ্বংস হয়ে যাবে, এদিকে নজর দেওয়া খুব প্রয়োজন। সরকারের সমস্ত রকম ভাতা, সরকারি যা কিছু বিতরণ করা হয় তার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। বেশি বেশি বাজার মনিটরিং করতে হবে, কৃষক দাম পাচ্ছে কম, অথচ মধ্যস্থ ভোগী পাইকারি ও খুচরা বিক্রেতারা সুফল ভোগ করছে, কৃষকের উন্নতি না হলে দেশের উন্নতি হবে না। এই উপজেলার ভারী শিল্প কেরু এন্ড কোম্পানির দিকে সরকারি নজরদারী বারাতে হবে। কেরু এন্ড কোম্পানির নিজস্ব জমিতে আখ চাষ নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা উপজেলা মসজিদের কেয়ারটেকার মো: আসাদুজ্জামান। সমস্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ।

দামুড়হুদায় ডেঙ্গু সচেতনতা মূলক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে ডেঙ্গু সহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বেলা ১২ টার দিকে উপজেলার পরিষদ চত্ত্বরে থেকে

উপজেলা প্রশাসনের নেতৃত্বে ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে জনসচেতনতা মূলক র্যালী বের হয়ে প্রধান সড়ক পদক্ষিণ করে পূনরায় একই স্থানে এসে শেষ হয়। দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলা পরিষদের সভাকক্ষে নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে ডেঙ্গুসহ মশাবাহিত র আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শহীদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মাহবুবা আক্তার তাবিয়া, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, যুবউন্নন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, আইসিটি কর্মকর্তা আরিফুল ইসলাম, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার এস আই আরমান, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুল ইসলাম রতনসহ গণমাধ্যম কর্মী, বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষাকা ও ছাত্রছাত্রী বৃন্দ। সভায় বক্তারা মশার জীবন চক্র ও মশা বাহিত বিভিন্ন রোগের উপর বিশদ আলোচনা করেন। ডেঙ্গু মশা চিহ্নিত করণ, ডেঙ্গু মশার প্রজনন ক্ষেত্র, ডেঙ্গু মশা প্রতিরোধে কী কী করণীয় সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।

আলোচনা সভা শেষে মশা নিধোনের জন্য ধোঁয়া স্পে করার দৃশ্য চোখে পড়লে দেখা গেছে, যিনি স্প্রে করছেন তার মুখ ও নাক সম্পূর্ণ উম্মুক্ত।এখানে লক্ষ্যনীয় হচ্ছে,মশা নিধনে যে ধোঁয়া স্প্রে করা হচ্ছিলেন ওই দৃশ্য দেখতে কোমলমতি শিশু শিক্ষার্থীরা পিছু পিছু ছুটে যাওয়ার দৃশ্য মেলেন । শক্তিশালী বিষ আর অকটেন মিশ্রিত ধোঁয়া মানবদেহের জন্য কতটা ক্ষতিকর তা সাধারণ জনগণ ও কোমলমতি শিশু শিক্ষার্থীরা কিন্তুু জানেন না।
ফলে এ বিষয়েও সর্বস্তরের জনসাধারণের মধ্যে প্রচারণা চালানো উচিত বলে উপস্থিতিতে এদিকে,উপজেলার সচেতনমহলের অভিযোগ, উপজেলার প্রায় সকল এলাকায় ড্রেনগুলোতে ময়লা মাটি জমে থাকা, আশপাশের ঝোপঝাড় নিয়মিতভাবে পরিস্কার না করা সহ উপজেলার সদর ইউনিয়নের মাথাভাঙ্গা নদীর পাড়,হাউলি ইউনিয়নের দর্শনা পৌরসভার বে রেলগেট সংলগ্ন চুয়াডাঙ্গা টু যশোর আঞ্চলিক মহাসড়কের ধারে, বাসাবাড়ি ,ক্লিনিক, সেলুন সহ বাজারের সব ধরনের ময়লা আবর্জনা স্তূপ জমার পাশাপাশি গরু-ছাগলের বজ্র অবাধে ফেলা হচ্ছে।যে কারণে উল্লেখিত

সড়ক পথ ধরে পথচারীদের গন্তব্যে পৌঁছতে পোয়াতে হচ্ছে জনদুর্ভোগ।এ কারণে উল্লেখিত স্থান গুলোতে ডাবের খোসা,মাটির হাঁড়ি সহ বিভিন্ন পাত্রে জমে থাকা পাত্রে ডেঙ্গু মশার লার্ভা তৈরির আশঙ্কা রয়েছেন।কাজেই তাদের দাবি মহামারি ডেঙ্গু প্রতিরোধে শুধূ সভা সমাবেশ করলেই হবে না সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি।

দামুড়হুদায় ২১ আগস্টের গ্রেনেড হামলার প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল

২১আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে কেন্দ্রীয় আওয়ামীলীগ নেতা হাশেম রেজা।

এ উপলক্ষে আজ সোমবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড থেকে দৈউলী মোড় পর্যন্ত বিশাল এক বিক্ষোভ মিছিল শেষে বাসস্ট্যান্ড চত্বরে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় আওয়ামীলীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক উপকমিটির সদস্য ও দৈনিক আমার সংবাদ, ডেইলী পোস্টের সম্পাদক হাশেম রেজা। এসময় তিনি বলেন, শোকের মাসে শক্তি সঞ্চয় করে আবারও নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে। ১৯৭৫, ২০০৪সালের মতো আবারও গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে জামাত-বিএনপি। তাদের এই ষড়যন্ত্র কে প্রতিহত করতে হবে। সকল ভেদাভেদ ভুলে সকলকে এককাতারে এসে আবারও প্রমাণ করতে হবে আওয়ামীলীগ সরকার জণগণের সরকার।

এসময় আরও বক্তব্য রাখেন কুড়ালগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি হারুনুর রশিদ মোল্লা, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি রেজাউল করিম, নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি ইন্নাল শেখ, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি মোহাম্মদ আলী, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি আইনুদ্দীন মেম্বার।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবলীগের অন্যতম নেতা হাবিবুর রহমান হাবীব, আরিফুল ইসলাম, রাজু, দেলোয়ার হোসেন, পিন্টু, রকি, ইউসুফ, শেখ সাইদুর, জীবননগর উপজেলা যুবলীগ নেতা শাহাবুদ্দিন, শাকিল, তারিখ, জাহিদুল, সবুজ, জেবা প্রমুখ।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে ২টি গাঁজার গাছ উদ্ধার,আটক-১

দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক মাদক বিরোধী অভিযানে ২টি গাঁজা গাছ সহ একজনকে আটক করা হয়েছে।

থানা সূত্রে জানা যায়, রবিবার রাতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীরের নেতৃত্বে এস আই মঞ্জুরুল হক সঙ্গীয় ফোর্সসহ অত্র এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় রাত আনুমানিক সাড়ে ১১ টার দিকে অত্র থানাধীন ডুগডুগী কলোনিপাড়া সাকিনস্থ ডুগডুগী বাজার হতে ছোট দুধপাতিলাগামী পাকা রাস্তার উপর থেকে মৃত.ওহাব আলীর ছেলে মোঃ জব্বার আলী (৫৫) তাঁর নিজের আবাদি জমির ঘাস ক্ষেতের মধ্য উদ্ধারকৃত গাঁজা গাছ পরিচর্যা করাকালে ৪ফিট লম্বা ২টা গাঁজা গাছ উদ্ধার সহ তাঁকে আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর আটকের সত্যতা নিশ্চিত করে জানান,আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা পূর্বক আদালতে প্রেরণ করা হয়েছে।

তিনি আরও বলেন, অত্র থানা এলাকায় কোন প্রকার মাদকদ্রব্য কারবারি থাকবে না।জেলা পুলিশের সুযোগ্য পুলিশ সুপার মহোদয়ের নির্দেশনায় মাদক বিরোধী অভিযান চলমান থাকবে।

দামুড়হুদায় ২১ আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ

চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি বলেন, ২০০৪ সালের ২১ আগস্ট বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের ‘সন্ত্রাস, জঙ্গিবাদ ও দুর্নীতিবিরোধী’ সমাবেশে গ্রেনেড হামলায় দলটির তৎকালীন মহিলা বিষয়ক সম্পাদক ও প্রয়াত রাষ্ট্রপতি জিল্লুর রহমানের সহধর্মিণী আইভি রহমানসহ ২৪ জন নেতাকর্মী নিহত হন। আহত হন পাঁচ শতাধিক। আহতদের অনেকে এখনও শরীরে গ্রেনেডের স্প্লিন্টার নিয়ে মানবেতর জীবনযাপন করছেন।

দামুড়হুদায় বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা মাননীয় প্রধানমন্ত্রী ও তৎকালীন বিরোধী দলের নেতা শেখ হাসিনাকে পরিকল্পিতভাবে হত্যার উদ্দেশ্যে, ২১শে আগস্ট গ্রেনেড হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার বেলা ১১ টার দিকে দামুড়হুদায় প্রতিবাদ সমাবেশটি দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগ ও সহযোগী সংগঠনের নেতৃত্বে অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর। দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবুর সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম,জুড়ানপুর ইউনিয়ন চেয়ারম্যান সোহরাব হোসেন,সদর ইউনিয়ন চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল করিম বিশ্বাস, কুড়ালগাছী ইউনিয়ন চেয়ারম্যান কামাল উদ্দীন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)নিজাম উদ্দিনসহ এসময় উপজেলা আ,লীগ যুবলীগ,,কৃষক লীগ, ছাত্রলীগসহ

বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

এসময় উপজেলা আওয়ামী লীগের সকল পর্যায়ের নেতৃবৃন্দ বিক্ষোভ সমাবেশে অংশ নেন এবং বক্তব্য রাখেন।

২১ আগস্ট উপলক্ষে দামুড়হুদায় প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

২১আগস্ট গেনেড হামলায় নিহত সকল শহীদদের স্মরণে যথাযোগ্য মর্যাদায় স্মরণ সভা ও কর্মসূচি বাস্তবায়নে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেল সাড়ে ৫টার দিকে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের আয়োজনে এই প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ চত্বরে প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদ চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু। দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলামের সণ্চালনায় এসময় অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলি মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন সাধারণ সম্পাদক চেয়ারম্যান সোহরাব হোসেন, এসএএম জাকারিয়া আলম, আজিজুল হক আজিজ, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সিনিয়র সহসভাপতি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা শ্রমিকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মোমিন, নাটুদাহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রেজাউল করিম, হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু তালেব, আওয়ামীলীগনেতা হাজী আমজাদ হোসেন, নুর আলম লাবলু, আবুল

হাশেম, সিরাজুল ইসলাম, জোনাব আলী, শমশের আলী, ইমতিয়াজ হোসেন, ইউসুফ আলী ইছা, মোজাফফর হোসেন, কলম উদ্দীন, ইউপি সদস্য হাসান আলী, সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা যুবলীগ নেতা নিশান তরফদার, জামিরুল ইসলাম, রকিবুল হাসান, হেকমত আলী, শেখ হাফিজুর, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, কলেজ ছাত্রলীগের আহ্বায়ক শাহীন মোল্লা, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ প্রমুখ।

দামুড়হুদায় ইজিবাইক-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে স্বামী নিহত, আহত স্ত্রী

দামুড়হুদায় মোটরসাইকেল-ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল চালক হারুন উর রশিদ নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। এ সময় তার সঙ্গে থাকা স্ত্রী শামসুন্নাহার মিনা আহত হয়েছেন।

শুক্রবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা ব্র্যাকমোড়ের অদূরে কবর স্থানের কাছে এ দুর্ঘটনা ঘটে। আহত শামসুন্নাহার মিনা চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। নিহত হারুন উর রশিদ দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের ছাতিয়ানতলা গ্রামের স্কুলপাড়ার মৃত আঃ আজিজের ছেলে। তিনি চুয়াডাঙ্গা সদর উপজেলা সাব রেজিস্ট্রার অফিসের অফিস সহকারী হিসেবে কর্মরত ছিলেন।

ঘটনার প্রত্যক্ষদর্শী সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী বলেন, মোটরসাইকেলটি চুয়াডাঙ্গামুখী এবং ইজিবাইকটি চুয়াডাঙ্গা থেকে দামুড়হুদার দিকে আসছিল। পথি মধ্যে দামুড়হুদা ব্র্যাকমোড় পার হয়ে কবর স্থানের কাছে পৌঁছালে মোটরসাইকেল-ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। পরে স্থানীয়দের সহযোগিতায় মোটরসাইকেল চালক ও আরোহীকে (স্বামী-স্ত্রী) উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে ঘণ্টাখানেক পর চিকিৎসাধীন অবস্থায় হারুন উর রশিদের মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর থানার এএসআই আশরাফ আলী বলেন, সড়ক দুর্ঘটনায় আহত স্বামী-স্ত্রীকে সদর হাসপাতালে ভর্তি করা হয়। ঘণ্টাখানেক পর চিকিৎসাধীন অবস্থায় স্বামী মারা যান। তার স্ত্রীর চিকিৎসা চলছে।

দামুড়হুদায় নাশকতার অভিযোগে বিএনপি-জামায়াতের ৭ নেতাকর্মী আটক

জামায়াতের নায়েবে আমির দেলোওয়ার হোসাইন সাঈদীর মৃত্যুকে কেন্দ্র করে নাশকতার আশঙ্কায় দামুড়হুদা উপজেলায় বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিএনপি-জামায়াতের ৭ নেতাকর্মীকে আটক করেছে মডেল থানার পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত ২ টার দিকে দামুড়হুদার লোকনাথপুর ও জুড়ানপুর এলাকায় অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়।

আটকৃতরা হলেন- দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর গ্রামের মৃত আকরাম আলীর ছেলে বিএনপি নেতা মোঃ আকবর আলী (৫৭), মৃত হামজার শেখের ছেলে বিএনপি নেতা মোঃ আমির হোসেন (৫৮),মৃত আনারুল ইসলামের ছেলে বিএনপি নেতা মহসীন আলী (৪০),মৃত হাবিবুর রহমানের ছেলে জামায়াত নেতা মোঃ মোস্তফা জামাল (৫০), মৃত কাতেব আলী বিশ্বাসের ছেলে জামায়াত নেতা মোঃ ফজলুল হক লেলিন (৬২),মোঃ আব্দুল মমিনের ছেলে জামায়াত নেতা মোঃ সজল হোসেন (২৮) ও জুড়ানপুর গ্রামের মৃত আব্দুল বারীর ছেলে জামায়াত নেতা মোঃ হাবিবুর রহমান (৩৫)।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আলমগীর কবীর বিষয়টি নিশ্চিত করে বলেন, জামায়াতের আমির সাঈদীর মৃত্যুর পর এলাকায় নাশকতা সৃষ্টির লক্ষ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্ন জনসমাগমে বিভ্রান্তি মূলক তথ্য ছড়াচ্ছিল। এছাড়া দেলোয়ার হোসেন সাঈদীর গায়েবানা জানাযা ও নাশতার করার পরিকল্পনা করছিল। এমন গোপন সংবাদের ভিত্তিতে দামুড়হুদার বিভিন্ন স্থানে অভিযান

পরিচালনা করা হয়। অভিযানে ৭ বিএনপি জামায়াত নেতাকর্মীকে আটক করে মডেল থানা পুলিশের চৌকস টিম। বিস্ফোরণ ও রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে আটকদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে ও আসামিদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদায় উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে উপজেলার সকল এনজিও সংস্থা নিয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ব্রাক, ইমপ্যাক্ট ফাউন্ডেশন, জামান সোসাল ফাউন্ডেশন, আশা সংস্থা, আত্নবিশ্বাস, জনকল্যাণ সংস্থা, মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থা, মিতালি নারী কল্যান সমিতি, আদর্শ ফাউন্ডেশন, আর আর এফ সহ উপজেলার বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সভায় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা উপজেলার বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধিদের সঠিক ভাবে এনজিও বিষয়ক কার্যক্রম সম্পাদনের বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

দামুড়হুদা সদর ও হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যোগে শোক দিবস

পালন

১৫ই আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিক ও জাতীয় শোক দিবস উপলক্ষে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের উদ্যেগে শোক র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার ১১ টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলি নেতৃত্বে উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, সদর ইউনিয়ন পরিষদের সদস্য লিয়াকত আলি, শামসুল আলম,নূরুল হক,আশরাফুল আলম সুমন,কামরুল ইসলাম,হাসান আলি,আব্দুল আলিম, শাহানাজ খাতুন ,রুপালি খাতুন,হাসিনা খাতুন। অনুষ্ঠানটি পরিচালনা করেন সদর ইউনিয়ন পরিষদের সচিব শামীম উদ্দীন।

১৫ ই আগষ্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিক ও জাতীয় শোক দিবস উপলক্ষে দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদের উদ্যেগে শোক র্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিনের নেতৃত্বে উপস্থিত ছিলেন হাউলি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন,হাউলি ইউনিয়ন পরিষদের সদস্য শহিদুল ইসলাম, জাহাঙ্গীর আলম টিক্কা,আব্দুল হান্নান, রিকাত আলি, শাহাজামাল হোসেন, হাউলী ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতাহ, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ, যুগ্ন আহ্বায়ক রায়হানুল ইসলাম, অনুষ্ঠানটি পরিচানা করেন হাউলি ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দীন।